# মাদক পাচার রোধে স্থানীয়দের সহযোগিতা চাইলেন সমাজকল্যাণমন্ত্রী



সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন। ছবি: সংগৃহীত

মাদক পাচার ও এর ব্যবহার বন্ধে প্রশাসনের পাশাপাশি স্থানীয় বাসিন্দাদেরও সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) দুপুরে দিনাজপুরের বিরামপুর উপজেলার ভারত সীমান্তবর্তী বিনাইল ইউনিয়নে স্থানীয় নেতা-কর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান।

মন্ত্রী বলেন, মাদক প্রতিরোধে প্রতিটি গ্রামে কমিটি গঠনের পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। এ কাজে দলীয় নেতা-কর্মীদের সঙ্গে স্থানীয় বাসিন্দাদেরও এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

এ ছাড়া সন্তানদের মোবাইল ফোন ব্যবহারের বিষয়ে বাবা-মাসহ অভিভাবকদের আরও সচেতন হওয়ার পরামর্শ দেন সমাজকল্যাণমন্ত্রী।

LENS ASIA